সেন্টার ফর
ল্যাঙ্গুয়েজ ট্রান্সলেশন এণ্ড
কালচারাল স্টাডিজ
নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়
UGC 2(f) & 12B

# বাংলার পার্টিশন-কথা
# উত্তর প্রজন্মের খোঁজ

প্রস্তাবনা, সম্পাদনা ও গ্রন্থনা | **মননকুমার মণ্ডল**




পার্টিশন-আখ্যান একমুখী নয়, বহুমাত্রিক, এমনকী বহু বিভঙ্গে বিশ্লিষ্ট। কেবলমাত্র লিখনের পরিসরে বাংলার পার্টিশন আখ্যানকে দেখা সমীচীন নয়, কারণ লোকপরিসরে জেগে থাকা গল্পগাথা, জীবনের অভিজ্ঞতাও এর উপাংশ। লোকপরিসর ব্যতিরেকে বাংলার পার্টিশন-আখ্যান লিখন ও পাঠ অসম্ভব। ফলত বাংলার পার্টিশন বিষয়ে জনপরিসরে পরিগৃহিত আখ্যান-চূর্ণকের গুরুত্ব অপরিসীম। পার্টিশনের প্রেক্ষাপটে রাজনীতি, অর্থনীতির যুক্তি যেমন ইতিহাসলেখ নির্মাণ করেছে তেমনই মানবিক প্রকাশের তন্ত্রটি কাজ করেছে আখ্যানের হয়ে ওঠায়। প্রথম খণ্ডের প্রলম্বিত উদ্যোগে দ্বিতীয় খণ্ডে সাজানো হয়েছে তিরিশটি জীবনভাষ্য, কথোপকথন এবং দুই-বাংলা মিলিয়ে আটজন লেখক ও বিশিষ্টজনের সঙ্গে আলাপ। সংযুক্ত হয়েছে বিভিন্ন প্রসঙ্গের আরও পাঁচটি সমীক্ষামূলক নিবন্ধ; যেগুলি ক্ষেত্রসমীক্ষার অনুসন্ধানী খোঁজ থেকে উঠে আসা কথামালায় ভরপুর। মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিদ্যায়তনিক পরিসর ব্যবহার করে গড়ে ওঠা একটি জনগবেষণা প্রকল্প এই গ্রন্থ নির্মাণের মূল ভিত্তি। পরিকল্পিত তিন খণ্ডে এর বিস্তার।

পরিবেশক: দে'জ পাবলিশিং, কলেজ স্ট্রীট বিপণি
বিশ্ববিদ্যালয়ের কাউন্টার: ০৯৭৩৩৮১৬০১৪ এবং ৯৯০৩১৯৮১৩

**প্রথম খণ্ড ৬৫০/-, দ্বিতীয় খণ্ড ৭৫০/-**